আমি রাসূলুল্লাহকে বলতে শুনেছি: আল্লাহর প্রতি এবং আখিরাত দিবসের প্রতি বিশ্বাস করে এমন কোনো মহিলার জন্য তার স্বামী ছাড়া কোনো মৃত ব্যক্তির ওপর তিন দিনের বেশি শোক পালন করা বৈধ নয়। তবে স্বামী হলে সে চার মাস দশ দিন ইদ্দত পালন করবে।

উম্মে হাবীবাহ রাদিয়াল্লাহু ‘আনহার একজন নিকট আত্মীয় মারা গেল। তখন তিনি হলুদ
বর্ণের সাথে মিশ্রিত সুগন্ধি আনার জন্য ডেকে পাঠালেন। তারপর তিনি তার দুই বাহুতে তা মালিশ করলেন। তারপর তিনি বললেন, আমি এটি এ জন্য করেছি যে, আমি রাসূলুল্লাহকে বলতে শুনেছি: আল্লাহর প্রতি এবং আখিরাত দিবসের প্রতি বিশ্বাস করে এমন কোন মহিলার জন্য
তার স্বামী ছাড়া কোনো মৃত ব্যক্তির ওপর তিন দিনের বেশি শোক পালন করা বৈধ নয়। তবে স্বামী হলে সে চার মাস দশ দিন ইদ্দত পালন করবে। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

উম্মে হাবীবাহ রাদিয়াল্লাহু ‘আনহার পিতা মারা গেল। তিনি স্বামী ছাড়া অন্য কারোর জন্য তিন দিনের বেশি শোক পালন নিষিদ্ধ হওয়ার বিধান শুনেছেন। তাই তিনি বিষয়টি বাস্তবায়ন করতে চাইলেন। তখন তিনি হলুদ বর্ণের সাথে মিশ্রিত সুগন্ধি আনার আহ্বান করলেন। তারপর তিনি তার দুই বাহুতে তা মালিশ করলেন। তারপর তিনি খুশবু লাগানোর কারণটি বর্ণনা করলেন, আর তা হলো, তিনি রাসূলুল্লাহকে বলতে শুনেছেন: আল্লাহর প্রতি এবং আখিরাত দিবসের প্রতি বিশ্বাস করে এমন কোন মহিলার জন্য তার স্বামী ছাড়া কোনো মৃত ব্যক্তির ওপর তিন দিনের বেশি শোক পালন করা বৈধ নয়। তবে স্বামী হলে সে চার মাস দশ দিন ইদ্দত পালন করবে।

https://sunnah.global/hadeeth/bn/show/6091